Bangladesh Competition Commission

# প্রতিযোগিতা সাময়িকী

বর্ষ ৩। সংখ্যা ৬। জানুয়ারি ২০২২। পৌষ-মাঘ ১৪২৮

## ৬ষ্ঠ সংস্করণ প্রকাশ

বাংলাদেশ স্বল্পোন্নত দেশ থেকে উন্নয়নশীল দেশে উন্নীত হওয়ার প্রেক্ষাপটে প্রতিযোগিতাপূর্ণ বাজার ব্যবস্থার গুরুত্ব অনেকাংশে বৃদ্ধি পেয়েছে। নিত্য প্রয়োজনীয় পণ্যের মূল্য সহনীয় পর্যায়ে রাখা, ভেজালমুক্ত খাবার সরবরাহ নিশ্চিত করা, অপ্রচলিত পণ্যসমূহকে রপ্তানি পণ্যের তালিকাভূক্ত করে তা রপ্তানিযোগ্য পণ্যে পরিণত করা, বর্হিবিশ্বে নতুন নতুন দেশে বাণিজ্য সম্প্রসারণ করা, ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণের অংশ হিসেবে ই-কমার্সকে জনপ্রিয় করার লক্ষ্যে তরুণ উদ্যোক্তাদের প্রশিক্ষণ প্রদান করা এবং রপ্তানি বাণিজ্য বৃদ্ধির সাথে সাথে এ সকল বাণিজ্য সংশ্লিষ্ট কার্যক্রমে প্রতিযোগিতা পরিপন্থী কর্মকান্ড-ষড়যন্ত্রমূলক যোগসাজশ, মনোপলি ও অলিগোপলি অবস্থা, জোটবদ্ধতা বা কর্তৃত্বময় অবস্থানের অপব্যবহার নিয়ন্ত্রণের লক্ষ্যে সংশ্লিষ্ট সকলকে সচেতন করা ও আইনের যথাযথ প্রয়োগে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন উল্লেখযোগ্য এবং দৃশ্যমান কার্যক্রম গ্রহণ করেছে। এ সকল কার্যক্রম কমিশনের “প্রতিযোগিতা সাময়িকী” ৬ষ্ঠ প্রকাশনায় তুলে ধরা হয়েছে। এ প্রকাশনায় অক্টোবর ২০২১ থেকে জানুয়ারি ২০২২ সময়কালের কার্যক্রম স্থান পেয়েছে।

## Analysis of Inquiry Report of Selected Jurisdiction: Lessons for BCC দিনব্যাপী কর্মশালা

বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের আয়োজনে Analysis of Inquiry Report of Selected Jurisdiction: Lessons for BCC বিষয়ক দিনব্যাপী কর্মশালা ০৭ অক্টোবর ২০২১ তারিখ বৃহস্পতিবার বেলা ১১:০০ টায় কমিশনের সভাকক্ষে অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন কমিশনের সম্মানিত চেয়ারপার্সন জনাব মোঃ মফিজুল ইসলাম। উক্ত সভায় মূল প্রবন্ধক হিসেবে উপস্থিত ছিলেন কমিশনের প্রাক্তন পরিচালক জনাব খালেদ আবু নাছের। উক্ত সভায় কমিশনের বিজ্ঞ সদস্যবৃন্দ ও কর্মকর্তাগণসহ ইলেক্ট্রনিক ও প্রিন্ট মিডিয়ার সাংবাদিকগণ/গণমাধ্যম কর্মীগণ উপস্থিত ছিলেন।



Analysis of Inquiry Report of Selected Jurisdiction: Lessons for BCC বিষয়ক দিনব্যাপী কর্মশালা

## শেখ রাসেল দিবসে আলোচনা সভা ও দোয়া

বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের আয়োজনে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের কনিষ্ঠ পুত্র শেখ রাসেলের জন্মদিন ও শেখ রাসেল দিবস উদযাপন উপলক্ষে আলোচনা সভা ও দোয়া ১৮ অক্টোবর ২০২১ তারিখ সোমবার সকাল ১০:০০ টায় কমিশনের সভাকক্ষে অনুষ্ঠিত হয়। আলোচনা সভায় সভাপতিত্ব করেন কমিশনের সম্মানিত চেয়ারপার্সন জনাব মোঃ মফিজুল ইসলাম। উক্ত সভায় কমিশনের বিজ্ঞ সদস্যবৃন্দ ও কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।






শেখ রাসেল দিবসের আলোচনা সভা ও দোয়া

## "পটুয়াখালী জেলা প্রশাসনের কর্মকর্তাগণের সঙ্গে প্রতিযোগিতা আইন, ২০১২ বিষয়ে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের অবহিতকরণ সভা" আয়োজন

এ্যাডভোকেসি কার্যক্রমের অংশ হিসেবে ২৩ অক্টোবর ২০২১ তারিখ শনিবার পটুয়াখালী জেলার সার্কিট হাউসে **"পটুয়াখালী জেলা প্রশাসনের কর্মকর্তাগণের সঙ্গে প্রতিযোগিতা আইন, ২০১২ বিষয়ে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের অবহিতকরণ সভা"** অনুষ্ঠিত হয়। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব মোঃ মফিজুল ইসলাম, চেয়ারপার্সন, বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন এবং সভাপতিত্ব করেন জনাব মোহাম্মদ কামাল হোসেন, জেলা প্রশাসক, পটুয়াখালী। অনুষ্ঠানে কমিশনের বিজ্ঞ সদস্যবৃন্দসহ আরো উপস্থিত ছিলেন জনাব মোহাম্মদ শহীদুল্লাহ, পিপিএম, পুলিশ সুপার, পটুয়াখালী, কমিশনের কর্মকর্তাগণ এবং পটুয়াখালী জেলা প্রশাসনের কর্মকর্তাবৃন্দ। পটুয়াখালী জেলা প্রশাসকের বিশেষ আমন্ত্রণে অবহিতকরণ সভায় উপস্থিত ছিলেন পটুয়াখালী ২ আসনের মাননীয় সংসদ সদস্য জনাব আ স ম ফিরোজ। অবহিতকরণ সভায় বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের কার্যক্রমের বিভিন্ন দিক, প্রতিযোগিতা আইন বাস্তবায়নের সুফল, আন্তর্জাতিক পর্যায়ে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের সম্পৃক্ততা ও বাংলাদেশের অর্থনৈতিক উন্নয়নে কমিশনের গুরুত্ব বিষয়ে আলোচনা করা হয়। অবহিতকরণ সভায় অংশগ্রহণকারীগণ বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের কার্যক্রম বাস্তবায়নে সর্বাত্মক সহায়তা প্রদানের অঙ্গীকার ব্যক্ত করেন।




পটুয়াখালী জেলা প্রশাসনের কর্মকর্তাগণের সঙ্গে প্রতিযোগিতা আইন, ২০১২ বিষয়ে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের অবহিতকরণ সভা

# ''ব্যবসা বাণিজ্যে সুষ্ঠু প্রতিযোগিতা নিশ্চিতকরণে অংশীজনের ভূমিকা'' শীর্ষক বরিশাল বিভাগীয় সেমিনার

এ্যাডভোকেসি কার্যক্রমের অংশ হিসেবে ২৪ অক্টোবর ২০২১ তারিখ রবিবার বরিশাল জেলার সার্কিট হাউসে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের আয়োজনে এবং বিভাগীয় প্রশাসন, বরিশাল ও জেলা প্রশাসন, বরিশালের সার্বিক সহযোগিতায় "ব্যবসা বাণিজ্যে সুষ্ঠু প্রতিযোগিতা নিশ্চিতকরণে অংশীজনের ভূমিকা" শীর্ষক বরিশাল বিভাগীয় সেমিনার অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব মোঃ মফিজুল ইসলাম, চেয়ারপার্সন, বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন এবং সভাপতিত্ব করেন জনাব মো: আব্দুর রাজ্জাক, অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক), বরিশাল বিভাগ। সেমিনারে বিশেষ অতিথি ছিলেন জনাব প্রণয় চিসিম, অতিরিক্ত পুলিশ কমিশনার, বরিশাল মেট্রোপলিটন পুলিশ। সেমিনারে কমিশনের সদস্যবৃন্দ ও কর্মকর্তাবৃন্দ, প্রধান নির্বাহী কর্মকর্তা, বরিশাল সিটি কর্পোরেশন, বরিশাল বিভাগের চারটি জেলার জেলা প্রশাসকবৃন্দ, বিভাগীয় পর্যায়ের কর্মকর্তাবৃন্দ, বীর মুক্তিযোদ্ধা, জনপ্রতিনিধি, চেম্বার প্রতিনিধি, ব্যবসায়ী, প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার সাংবাদিকবৃন্দসহ স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন। উক্ত সেমিনারে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের কার্যক্রমের বিভিন্ন দিক, প্রতিযোগিতা আইন বাস্তবায়নের সুফল, আন্তর্জাতিক পর্যায়ে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের সম্পৃক্ততা ও বাংলাদেশের অর্থনৈতিক উন্নয়নে কমিশনের গুরুত্ব বিষয়ে আলোচনা করা হয়। সেমিনারে অংশগ্রহণকারীগণ বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের কার্যক্রম বাস্তবায়নে সর্বাত্মক সহায়তা প্রদানের অঙ্গীকার ব্যক্ত করেন।




''ব্যবসা বাণিজ্যে সুষ্ঠু প্রতিযোগিতা নিশ্চিতকরণে অংশীজনের ভূমিকা'' শীর্ষক বরিশাল বিভাগীয় সেমিনার

# "কাঁচা, ওয়েট ব্লু, ক্রাস্ট ও ফিনিসড লেদার/চামড়ার বাজার" বিষয়ক স্টাডি কার্যক্রমের Draft Report এর বিষয়ে মতামত প্রদানের জন্য একটি ভ্যালিডেশন সেমিনার

বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের আয়োজনে "কাঁচা, ওয়েট ব্লু, ক্রাস্ট ও ফিনিসড লেদার/চামড়ার বাজার" বিষয়ক স্টাডি কার্যক্রমের Draft Report এর বিষয়ে মতামত প্রদানের জন্য একটি ভ্যালিডেশন সেমিনার ২৫ অক্টোবর ২০২১ তারিখ সোমবার বেলা ১১:৩০ টায় কমিশনের সভাকক্ষে অনুষ্ঠিত হয়। সেমিনারে সভাপতিত্ব করেন কমিশনের সম্মানিত চেয়ারপার্সন জনাব মোঃ মফিজুল ইসলাম। উক্ত সেমিনারে অংশগ্রহণ করেন শিল্প মন্ত্রণালয়ের যুগ্মসচিব জনাব মোঃ লুৎফর রহমান, বাণিজ্য মন্ত্রণালয়ের উপসচিব জনাব নাজনীন পারভীন, লেদার রিসার্চ ইন্সটিটিউটের প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা মোঃ আবুল কাশেম আজাদ, ঢাকা বিশ্ববিদ্যালয়ের সহযোগী অধ্যাপক জনাব সুকর্ণ বড়ুয়া, জনাব মোঃ আব্দুল মোক্তাদির, প্রভাষক, আইএলইটি, ঢাকা বিশ্ববিদ্যালয় এবং দোবে ইন্টারন্যাশনালের পক্ষে জনাব সবুজ দোবে। উক্ত সেমিনারে কমিশনের বিজ্ঞ সদস্যবৃন্দ ও কর্মকর্তাগণসহ ইলেক্ট্রনিক ও প্রিন্ট মিডিয়ার সাংবাদিকগণ/গণমাধ্যম কর্মীগণ উপস্থিত ছিলেন।



"কাঁচা, ওয়েট ব্লু, ক্রাস্ট ও ফিনিসড লেদার/চামড়ার বাজার"
বিষয়ক স্টাডি কার্যক্রমের Draft Report বিষয়ে ভ্যালিডেশন সেমিনার

## "পণ্য ও সেবার ডাটাবেজ প্রণয়ন সম্পর্কিত" দিনব্যাপী কর্মশালা

বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের আয়োজনে "পণ্য ও সেবার ডাটাবেজ প্রণয়ন সম্পর্কিত" দিনব্যাপী কর্মশালা ১১ নভেম্বর ২০২১ তারিখ বৃহস্পতিবার বেলা ১১:০০ টায় কমিশনের সভাকক্ষে অনুষ্ঠিত হয়। কর্মশালায় সভাপতিত্ব করেন কমিশনের সম্মানিত চেয়ারপার্সন জনাব মোঃ মফিজুল ইসলাম। উক্ত কর্মশালায় কমিশনের বিজ্ঞ সদস্যবৃন্দ ও কর্মকর্তাগণসহ ইলেক্ট্রনিক ও প্রিন্ট মিডিয়ার সাংবাদিকগণ/গণমাধ্যম কর্মীগণ উপস্থিত ছিলেন।



"পণ্য ও সেবার ডাটাবেজ প্রণয়ন সম্পর্কিত" দিনব্যাপী কর্মশালা

## "মার্জার প্রবিধান প্রণয়ন" শীর্ষক কর্মশালা

বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের আয়োজনে তিন দিনব্যাপী "মার্জার প্রবিধান প্রণয়ন" শীর্ষক কর্মশালা ২ ডিসেম্বর ২০২১, ৯ ডিসেম্বর ২০২১ এবং ২৮ ডিসেম্বর ২০২১ তারিখ কমিশনের সভাকক্ষে অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন কমিশনের সম্মানিত চেয়ারপার্সন জনাব মোঃ মফিজুল ইসলাম। উক্ত কর্মশালায় যুক্তরাষ্ট্রের কম্পিটিশন বিশেষজ্ঞ ব্যারিস্টার তাসনুভা শেলী উপস্থিত ছিলেন। কর্মশালায় কমিশনের বিজ্ঞ সদস্য জনাব জি এম সালেহ উদ্দিন, ড. এ এফ এম মনজুর কাদির ও জনাব নাসরিন বেগম সহ কমিশনের কর্মকর্তাগণ এবং ইলেক্ট্রনিক ও প্রিন্ট মিডিয়ার সাংবাদিকগণ/গণমাধ্যম কর্মীগণ উপস্থিত ছিলেন। উক্ত কর্মশালায় আলোচক হিসেবে উপস্থিত ছিলেন কমিশনের প্রাক্তন পরিচালক জনাব খালেদ আবু নাছের। এছাড়াও মূল প্রবন্ধক হিসেবে উপস্থিত ছিলেন কমিশনের অবৈতনিক উপদেষ্টা ব্যারিস্টার মাফরুহা মারফি।



“মার্জার প্রবিধান প্রণয়ন” শীর্ষক কর্মশালা

## দেশের রাসায়নিক সার সেক্টরে কার্টেলের অস্তিত্ব পর্যালোচনা বিষয়ক মতবিনিময় সভা

বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের আয়োজনে দেশের রাসায়নিক সার সেক্টরে কার্টেলের অস্তিত্ব পর্যালোচনা বিষয়ক একটি মতবিনিময় সভা ১৪ ডিসেম্বর ২০২১ তারিখ মঙ্গলবার বেলা ১১:০০ টায় কমিশনের সভাকক্ষে অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন কমিশনের সম্মানিত চেয়ারপার্সন জনাব মোঃ মফিজুল ইসলাম। সভায় অংশগ্রহণ করেন শিল্প মন্ত্রণালয়ের যুগ্মসচিব ড. নাসিম আহমেদ, বাণিজ্য মন্ত্রণালয়ের উপসচিব জনাব মোহাম্মদ মনির হোসেন হাওলাদার, বিএডিসির ব্যবস্থাপক (ক্রয়) জনাব মোঃ তুহিনুজ্জামান, জাতীয় নিরাপত্তা গোয়েন্দা সংস্থার (এনএসআই) উপপরিচালক জনাব সাইফ আহমেদ শাকিল, বিসিআইসির জেনারেল ম্যানেজার (অপারেশন) ড. মোঃ মহিউদ্দিন, বিসিআইসির রসায়নবিদ জনাব মোঃ গোলাম মাহমুদ, বাংলাদেশ ফার্টিলাইজার অ্যাসোসিয়েশনের (বিএফএ) উর্ধ্বতন নির্বাহী কর্মকর্তা কৃষিবিদ জনাব মোঃ জহিরুল ইসলামসহ ইলেক্ট্রনিক ও প্রিন্ট মিডিয়ার সাংবাদিকগণ/গণমাধ্যম কর্মীগণ। উক্ত সভায় কমিশনের বিজ্ঞ সদস্যবৃন্দ ও কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।



দেশের রাসায়নিক সার সেক্টরে কার্টেলের অস্তিত্ব পর্যালোচনা বিষয়ক মতবিনিময় সভা

## জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী এবং বিজয়ের সুবর্ণজয়ন্তী উদযাপন

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী এবং বিজয়ের সুবর্ণজয়ন্তী যথাযথ মর্যাদার সাথে পালনের জন্য বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের আয়োজনে বিগত ১৬ ডিসেম্বর ২০২১ তারিখ বিভিন্ন কর্মসূচি পালন করা হয়। কর্মসূচির অংশ হিসেবে সকাল ৮:০০ টায় কমিশনে অবস্থিত মুজিব কর্ণারে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করা হয়। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী এবং বিজয়ের সুবর্ণজয়ন্তীর মাহেন্দ্রক্ষণকে উপলক্ষ করে নতুন প্রজন্মসহ দেশবাসীকে জাতির পিতার আদর্শ এবং মহান মুক্তিযুদ্ধের চেতনায় উজ্জীবিত করার মহতী প্রয়াসে উক্ত বিজয় দিবসে বিকাল ৪:৪০ টায় বাংলাদেশ জাতীয় সংসদের দক্ষিণ প্লাজা হতে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা শপথ পরিচালনা করেন। উক্ত শপথ অনুষ্ঠানে কমিশনের কর্মকর্তা ও কর্মচারীগণ ভার্চুয়ালি অংশগ্রহণ করেন।





জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী এবং বিজয়ের সুবর্ণজয়ন্তী উদযাপন

## বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের কার্যক্রম বিষয়ক ঢাকা বিভাগীয় সেমিনার

২০ ডিসেম্বর ২০২১ তারিখ সোমবার "বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের কার্যক্রম বিষয়ক ঢাকা বিভাগীয় সেমিনার" ঢাকা বিভাগীয় কমিশনারের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়। সেমিনারের প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের সম্মানিত চেয়ারপার্সন জনাব মো: মফিজুল ইসলাম, বিশেষ অতিথি ছিলেন জনাব হাবিবুর রহমান, বি পিএম (বার) পিপিএম (বার) ডিআইজি, ঢাকা রেঞ্জ, বাংলাদেশ পুলিশ, ঢাকা। উক্ত সেমিনারে সভাপতিত্ব করেন, জনাব মোঃ খলিলুর রহমান, বিভাগীয় কমিশনার, ঢাকা। এছাড়াও কমিশনের বিজ্ঞ সদস্যমণ্ডলী জনাব জি. এম. সালেহ উদ্দিন, ড. এ এফ এম মনজুর কাদির, জনাব নাসরিন বেগম, ঢাকা বিভাগের ১২ টি জেলার জেলা প্রশাসক এবং বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন ও ঢাকা বিভাগীয় কমিশনের কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। উক্ত সেমিনারে পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন করেন বাংলাদেশ বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের বিজ্ঞ সদস্য জনাব জি. এম. সালেহ উদ্দিন। সেমিনারে বক্তারা বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের উদ্দেশ্য, প্রতিযোগিতা আইনের প্রেক্ষাপট, প্রতিযোগিতা আইনের উল্লেখযোগ্য বিধানসমূহ, চ্যালেঞ্জ, করনীয়সহ বিভিন্ন দিক নিয়ে আলোচনা করেন।




বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের কার্যক্রম বিষয়ক ঢাকা বিভাগীয় সেমিনার

## ঢাকা আন্তর্জাতিক বাণিজ্য মেলা ২০২২ এ বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের অংশগ্রহণ

ঢাকা আন্তর্জাতিক বাণিজ্য মেলার ২৬তম আসর ১ লা জানুয়ারি ২০২২ তারিখ হতে পূর্বাচলে বঙ্গবন্ধু বাংলাদেশ-চায়না ফ্রেন্ডশিপ এক্সিবিশন সেন্টারে (বিবিসিএফইসি) এ শুরু হয়। মাসব্যাপী শুরু হওয়া এ মেলার উদ্বোধন করেন মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা। বাণিজ্য মন্ত্রণালয় ও রপ্তানি উন্নয়ন ব্যুরোর (ইপিবি) যৌথ আয়োজনে মেলার অনুষ্ঠানে মাননীয় বাণিজ্যমন্ত্রী জনাব টিপু মুনশি, এমপি সভাপতিত্ব করেন। বাণিজ্য সচিব জনাব তপন কান্তি ঘোষ, সভাপতি, ফেডারেশন অব বাংলাদেশ চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রির (এফবিসিসিআই), জনাব মোঃ জসিম উদ্দিন ও ভাইস চেয়ারম্যান জনাব এ এইচ এম আহসান, রপ্তানি উন্নয়ন ব্যুরোর (ইপিবি) অনুষ্ঠানে বক্তব্য দেন। উক্ত মেলায় বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের জন্য ১ নং স্টল বরাদ্দ প্রদান করা হয়। মেলা চলাকালীন সময়ে কমিশনের সম্মানিত চেয়ারপার্সন জনাব মোঃ মফিজুল ইসলাম, বিজ্ঞ সদস্য জনাব জি এম সালেহ উদ্দিন, ড. এ এফ এম মনজুর কাদির এবং জনাব নাসরিন বেগমসহ কমিশনের অন্যান্য কর্মকর্তাগণ কমিশনের জন্য বরাদ্দকৃত স্টল পরিদর্শন করেন।





বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের বিজ্ঞ সদস্যবৃন্দ এবং কর্মকর্তা কর্তৃক ঢাকা আন্তর্জাতিক বাণিজ্য মেলা পরিদর্শন

## “ব্যবসা বাণিজ্যে সুষ্ঠু প্রতিযোগিতা নিশ্চিতকরণে অংশীজনের ভূমিকা” শীর্ষক খুলনা বিভাগীয় সেমিনার আয়োজন

৬ জানুয়ারি ২০২২ তারিখ বৃহস্পতিবার বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন কর্তৃক আয়োজিত “ব্যবসা বাণিজ্যে সুষ্ঠু প্রতিযোগিতা নিশ্চিতকরণে অংশীজনের ভূমিকা” শীর্ষক খুলনা বিভাগীয় সেমিনার সার্কিট হাউজ, খুলনায় অনুষ্ঠিত হয়। সেমিনারে সভাপতিত্ব করেন জনাব মো: ইসমাইল হোসেন এনডিসি, বিভাগীয় কমিশনার, খুলনা। সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের চেয়ারপার্সন জনাব মোঃ মফিজুল ইসলাম। এছাড়াও সেমিনারে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ড. খঃ মহিদ উদ্দিন, বিপিএম-বার, ডিআইজি, খুলনা রেঞ্জ এবং জনাব মো: মাসুদুর রহমান ভূঞা, পুলিশ কমিশনার, খুলনা মেট্রোপলিটন পুলিশ, খুলনা। বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের বিজ্ঞ সদস্যবৃন্দ, কমিশনের কর্মকর্তাগণ ছাড়াও প্রধান নির্বাহী কর্মকর্তা, খুলনা সিটি কর্পোরেশন, খুলনা বিভাগের ১০ জেলার জেলা প্রশাসক/অতিরিক্ত জেলা প্রশাসকগণ, খুলনা বিভাগীয় ও জেলা পর্যায়ের কর্মকর্তা, জনপ্রতিনিধি, চেম্বার প্রতিনিধি, ইলেকট্রনিক ও প্রিন্ট মিডিয়ার সাংবাদিকবৃন্দসহ স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ সেমিনারে উপস্থিত ছিলেন। প্রতিযোগিতা আইন, ২০১২ এবং বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের কার্যক্রম বিষয়ক মূল প্রবন্ধ উপস্থাপনের পর আমন্ত্রিত অংশগ্রহণকারীগণ উন্মুক্ত আলোচনায় অংশগ্রহণ করেন। সেমিনারের প্রধান অতিথি বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের চেয়ারপার্সন জনাব মোঃ মফিজুল ইসলাম দেশের বিভিন্ন পণ্য ও সেবার বাজারকে প্রতিযোগিতাপূর্ণ করার মাধ্যমে অর্থনৈতিক উন্নয়ন ত্বরান্বিত ও টেকসইকরণে সহযোগিতা করার জন্য বিভাগীয় প্রশাসন, জেলা প্রশাসন, পুলিশ বিভাগ, স্থানীয় সরকার প্রতিনিধি, চেম্বার প্রতিনিধি, ব্যবসায়ী ও গণমাধ্যমকর্মীসহ সকলকে সহযোগিতা করার জন্য আহবান জানান। তিনি কমিশনের কার্যক্রমকে আরো গতিশীল করার বিষয়ে কমিশনের প্রত্যয় ব্যক্ত করেন। উদ্বোধনী অনুষ্ঠান শেষে উন্মুক্ত আলোচনা সঞ্চালন করেন কমিশনের চেয়ারপার্সন জনাব মোঃ মফিজুল ইসলাম। সেমিনারের সভাপতি বিভাগীয় কমিশনার খুলনা, বিশেষ অতিথিদ্বয় এবং আমন্ত্রিত অংশগ্রহণকারীগণ মাঠ পর্যায়ে কমিশনের সচেতনতামূলক কার্যক্রম আরো বাড়ানোর জন্য পরামর্শ প্রদান করেন এবং কমিশনকে সকল প্রকার সহযোগিতার আশ্বাস প্রদান করেন। বিভিন্ন জেলার চেম্বার প্রতিনিধিগণ ব্যবসা-বাণিজ্যে সুষ্ঠু প্রতিযোগিতা নিশ্চিত করার বিষয়ে তাঁদের আন্তরিক সহযোগিতার বিষয় সেমিনারে তুলে ধরেন। গণমাধ্যম কর্মীগণ বাজারে প্রতিযোগিতা বিরোধী কর্মকান্ডের সংবাদসমূহ বিভিন্ন গণমাধ্যমে আরো বেশি প্রচারের জন্য আহবান জানিয়ে এক্ষেত্রে তাঁদের সার্বিক সহযোগিতার বিষয়টি পুনর্ব্যক্ত করেন। সেমিনারে স্বাগত বক্তব্য প্রদান করেন কমিশনের বিজ্ঞ সদস্য ড. এ এফ এম মঞ্জুর কাদির এবং মূল প্রবন্ধ উপস্থাপন করেন কমিশনের বিজ্ঞ সদস্য জনাব জি. এম. সালেহ উদ্দিন ।



“ব্যবসা বাণিজ্যে সুষ্ঠু প্রতিযোগিতা নিশ্চিতকরণে অংশীজনের ভূমিকা” শীর্ষক খুলনা বিভাগীয় সেমিনার

## The Fundamentals and Principles of Competition Law শীর্ষক কর্মশালা

বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের আয়োজনে The Fundamentals and Principles of Competition Law শীর্ষক কর্মশালা ০৯ জানুয়ারি ২০২২ তারিখ রবিবার সকাল ১০:০০ টায় কমিশনের সভাকক্ষে অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন কমিশনের সম্মানিত চেয়ারপার্সন জনাব মোঃ মফিজুল ইসলাম। উক্ত কর্মশালায় মূল প্রবন্ধ উপস্থাপন করেন যুক্তরাষ্ট্রের কম্পিটিশন বিশেষজ্ঞ ব্যারিস্টার তাসনুভা শেলী। এছাড়া আলোচক হিসেবে উপস্থিত ছিলেন কমিশনের প্রাক্তন পরিচালক জনাব খালেদ আবু নাছের এবং কমিশনের অবৈতনিক উপদেষ্টা ব্যারিস্টার মাফরুহা মারফি। কর্মশালায় কমিশনের বিজ্ঞ সদস্যবৃন্দ ও কর্মকর্তাগণসহ ইলেক্ট্রনিক ও প্রিন্ট মিডিয়ার সাংবাদিকগণ/গণমাধ্যম কর্মীগণ উপস্থিত ছিলেন।



The Fundamentals and Principles of Competition Law শীর্ষক কর্মশালা

## "স্বাস্থ্যসেবা খাতের বাজার বিষয়ক" স্টাডি কার্যক্রমের Draft Report বিষয়ে মতামত প্রদানের জন্য ভ্যালিডেশন সেমিনার

বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের আয়োজনে "স্বাস্থ্যসেবা খাতের বাজার (বেসরকারী হাসপাতাল ও বেসরকারী ডায়াগনস্টিক সেন্টার) বিষয়ক" স্টাডি কার্যক্রমের Draft Report এর বিষয়ে মতামত প্রদানের জন্য একটি ভ্যালিডেশন সেমিনার ১০ জানুয়ারি ২০২২ তারিখ সোমবার বেলা ১১:০০ টায় কমিশনের সভাকক্ষে অনুষ্ঠিত হয়। সেমিনারে সভাপতিত্ব করেন কমিশনের সম্মানিত চেয়ারপার্সন জনাব মোঃ মফিজুল ইসলাম। সেমিনারে অংশগ্রহণ করেন বাণিজ্য মন্ত্রণালয়ের উপসচিব জনাব খন্দকার নুরুল হক, স্বাস্থ্য অধিদপ্তরের উপপরিচালক জনাব শেখ দাউদ আদনান, ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইন্সটিটিউট অব হেলথ ইকনমিক্সের পরিচালক অধ্যাপক নাসরিন সুলতানা, মিরপুর হলি ক্রিসেন্ট হাসপাতালের স্পেসালিস্ট ফাতেমাতুজ্জান্নাত বৃষ্টি, এবং দোবে ইন্টারন্যাশনালের পক্ষে জনাব সবুজ দোবে। উক্ত সেমিনারে কমিশনের বিজ্ঞ সদস্যবৃন্দ ও কর্মকর্তাগণসহ ইলেক্ট্রনিক ও প্রিন্ট মিডিয়ার সাংবাদিকগণ/গণমাধ্যম কর্মীগণ উপস্থিত ছিলেন।



"স্বাস্থ্যসেবা খাতের বাজার (বেসরকারী হাসপাতাল ও বেসরকারী ডায়াগনস্টিক সেন্টার) বিষয়ক"
স্টাডি কার্যক্রমের Draft Report এর উপর ভ্যালিডেশন সেমিনার

## Behavioral Pattern, Manners and Etiquette and Health-Hygiene Sense of an Officer শীর্ষক কর্মশালা

বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের আয়োজনে Behavioral Pattern, Manners and Etiquette and Health-Hygiene Sense of an Officer শীর্ষক কর্মশালা ১৬ জানুয়ারি ২০২২ তারিখ রবিবার সকাল ১০:০০ টায় কমিশনের সভাকক্ষে অনুষ্ঠিত হয়। কর্মশালায় সভাপতিত্ব করেন কমিশনের সম্মানিত চেয়ারপার্সন জনাব মোঃ মফিজুল ইসলাম। কমিশনের বিজ্ঞ সদস্যবৃন্দ ও কর্মকর্তাগণসহ ইলেক্ট্রনিক ও প্রিন্ট মিডিয়ার সাংবাদিকগণ/গণমাধ্যম কর্মীগণ কর্মশালায় উপস্থিত ছিলেন।



Behavioral Pattern, Manners and Etiquette and Health-Hygiene Sense of an Officer শীর্ষক কর্মশালা

## "Workshop on ICN Five Working Groups" শীর্ষক কর্মশালা

বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের আয়োজনে ১৮ জানুয়ারি ২০২২ এ্যাডভোকেসি, পলিসি ও আন্তর্জাতিক সম্পর্ক বিভাগের উদ্যোগে "Workshop on ICN Five Working Groups" শীর্ষক কর্মশালা অনুষ্ঠিত হয়। উক্ত কর্মশালায় দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ নিজ নিজ ওয়ার্কিং গ্রুপের পক্ষে পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন তৈরি ও উপস্থাপন করেন। উক্ত কর্মশালায় উপস্থিত ছিলেন কমিশনের অবৈতনিক উপদেষ্টা ব্যারিস্টার মাফরুহা মারফি। কর্মশালায় কমিশনের বিজ্ঞ সদস্যবৃন্দ ও কর্মকর্তাগণসহ ইলেক্ট্রনিক ও প্রিন্ট মিডিয়ার সাংবাদিকগণ/গণমাধ্যম কর্মীগণ উপস্থিত ছিলেন।



"Workshop on ICN Five Working Groups" শীর্ষক কর্মশালা

# প্রিন্ট মিডিয়ায় প্রচারিত গণবিজ্ঞপ্তিসমূহ

অস্বাভাবিক ডিসকাউন্ট, লোভনীয় অফার এবং বৈষম্যমূলক বা কৃত্রিমভাবে হ্রাসকৃত মূল্যে পণ্য বা সেবা ক্রয়-বিক্রয় প্রতিরোধ বিষয়ক একটি গণবিজ্ঞপ্তি ২৩/০৯/২০২১ তারিখে "দৈনিক যুগান্তর" পত্রিকায় প্রকাশিত হয়।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন**

৩৭/৩/এ ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা

www.ccb.gov.bd

Bangladesh Competition Commission

## জরুরী গণবিজ্ঞপ্তি

### অস্বাভাবিক ডিসকাউন্ট, লোভনীয় অফার এবং বৈষম্যমূলক বা কৃত্রিমভাবে হ্রাসকৃত মূল্যে পণ্য বা সেবা ক্রয়-বিক্রয় প্রতিরোধ বিষয়ক

ইদানীং লক্ষ্য করা যাচ্ছে যে, কোনো কোনো ব্যবসা প্রতিষ্ঠান অত্যধিক ডিসকাউন্টে পণ্য বা সেবা বিক্রির বিজ্ঞাপন বিভিন্ন ইলেক্ট্রিক, প্রিন্ট মিডিয়াসহ সোশ্যাল মিডিয়ায় প্রচার করছে। এমনকি উৎপাদন মূল্য/আমদানি মূল্য/ক্রয়মূল্য থেকেও কম মূল্যে পণ্য বিক্রয়ের লোভনীয় অফার দেয়া হচ্ছে। এতে সাধারণ মানুষের বিভ্রান্ত হওয়া এবং বাজারে অসুস্থ প্রতিযোগিতার পরিবেশ সৃষ্টির আশঙ্কা তৈরি হয়।

উৎপাদন খরচ বা ক্রয়মূল্যের থেকে কম মূল্যে পণ্য বিক্রয়, প্রত্যক্ষ বা পরোক্ষভাবে পণ্য ক্রয়-বিক্রয়ে বা সেবা প্রদানে অন্যায্য বা বৈষম্যমূলক শর্তারোপ বা পণ্য বা সেবার ক্রয়-বিক্রয়ে বৈষম্যমূলক মূল্য বা কৃত্রিমভাবে হ্রাসকৃত মূল্য (Predatory Price) নির্ধারণ প্রতিযোগিতা আইন, ২০১২ অনুযায়ী শাস্তিযোগ্য অপরাধ।

এমতাবস্থায়, অস্বাভাবিক ডিসকাউন্ট, লোভনীয় অফার, অযৌক্তিক শর্ত আরোপের মাধ্যমে বৈষম্যমূলক বা কৃত্রিমভাবে হ্রাসকৃত মূল্যে পণ্য বা সেবা ক্রয়-বিক্রয় সংক্রান্ত বিজ্ঞপ্তি প্রচার ও এ ধরনের ব্যবসা পরিচালনা না করার এবং ক্রেতা সাধারণকে এ ধরনের বিজ্ঞপ্তি দ্বারা প্রভাবিত বা প্ররোচিত না হওয়ার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

**বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন**

ই-মেইল : secretary.ccb2012@gmail.com

ফেসবুক পেজ : www.facebook.com/bcc2012

জিডি-১৮৬৬/২১ (৬"×৪)

বেসরকারী উপদেষ্টা (এনজিএ) সম্পৃক্তকরণ বিষয়ক একটি বিজ্ঞপ্তি দৈনিক 'বাংলাদেশ প্রতিদিন' পত্রিকায় ২৩ জানুয়ারি ২০২২ খ্রিঃ তারিখে প্রকাশিত হয়।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন

৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা

www.ccb.gov.bd

## বেসরকারী উপদেষ্টা (এনজিএ) সম্পৃক্তকরণ বিজ্ঞপ্তি

বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন International Competition Network (ICN)সহ বিভিন্ন আন্তর্জাতিক সংস্থা ও বৈশ্বিক প্রতিযোগিতা কমিশন সমূহের সাথে সক্রিয়ভাবে কাজ করে যাচ্ছে। এ কার্যক্রমকে আরও বেগবান ও ফলপ্রসু করার লক্ষ্যে কমিশন দক্ষ, অভিজ্ঞ এবং বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের সাথে স্বেচ্ছামূলকভাবে কাজ করতে আগ্রহী বেসরকারি স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠান, পেশাজীবী, ভোক্তা এবং শিক্ষাবিদদের মধ্য থেকে দুই বছর মেয়াদের জন্য বেসরকারি উপদেষ্টা (এনজিএ) হিসেবে সম্পৃক্তকরণের সিদ্ধান্ত গ্রহণ করেছে।

বেসরকারি উপদেষ্টা (এনজিএ) হিসেবে সম্পৃক্তকরণের ক্ষেত্রে নিম্নবর্ণিত বিষয়সমূহ বিবেচনা করা হবেঃ

- আগ্রহী ব্যক্তি/ সংগঠন/ প্রতিষ্ঠানকে Competition Law/Competition Economics বিষয়ে অভিজ্ঞতা থাকতে হবে;
- প্রতিযোগিতা আইন ও নীতি এবং প্রতিযোগিতা সংক্রান্ত বিষয়ে কমিশনকে পরামর্শ প্রদানের যোগ্যতা থাকতে হবে;
- সংশ্লিষ্ট ব্যক্তি/ সংগঠন/ প্রতিষ্ঠান কমিশনের সঙ্গে স্বেচ্ছামূলকভাবে কাজ করতে আগ্রহী থাকতে হবে;
- ICN সহ বিভিন্ন আন্তর্জাতিক সংস্থা এবং বৈশ্বিক প্রতিযোগিতা কমিশনসমূহের সঙ্গে কাজ করার সক্ষমতা থাকতে হবে।

আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠানসমূহকে আগামী ১০ ফেব্রুয়ারী ২০২২ তারিখের মধ্যে যোগ্যতা ও অভিজ্ঞতা সংক্রান্ত তথ্যাদিসহ চেয়ারপার্সন, বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন বরাবরে প্রস্তাব/আবেদন প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

বেসরকারি উপদেষ্টা সম্পৃক্তকরণ সম্পর্কিত বিস্তারিত জানতে ভিজিট করুনঃ **www.ccb.gov.bd**

সচিব

বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন

ই-মেইল: secretary.ccb2012@gmail.com

ফেসবুক পেজ: www.facebook.com/bcc2012

# টেলিভিশন ইন্টারভিউ/টকশোতে অংশগ্রহণ

**এশিয়ান টিভির লাইভ টকেশোঃ**

০৯ সেপ্টেম্বর ২০২১ তারিখ সন্ধ্যা ৬.৩৫ ঘটিকায় এশিয়ান টিভির “টেবিল টক” শিরোনামের লাইভ টকশো -তে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের চেয়ারপার্সন জনাব মোঃ মফিজুল ইসলাম অংশগ্রহণ করেন।

**চ্যানেল আই এর ইন্টারভিউঃ**

১৮ সেপ্টেম্বর ২০২১ তারিখ সন্ধ্যা ৭ ঘটিকায় বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের ইভ্যালির বিরুদ্ধে গৃহিত কার্যক্রমের বিষয়টি তুলে ধরে চ্যানেল আই এর ইন্টারভিউতে অংশগ্রহণ করেন কমিশনের চেয়ারপার্সন জনাব মোঃ মফিজুল ইসলাম।







**একাত্তর টিভির ইন্টারভিউঃ**

১৯ সেপ্টেম্বর ২০২১ তারিখ একাত্তর টিভি-তে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের ইভ্যালির বিরুদ্ধে গৃহিত কার্যক্রমের বিষয়টি তুলে ধরে একাত্তর টিভির ইন্টারভিউতে অংশগ্রহণ করেন কমিশনের চেয়ারপার্সন জনাব মোঃ মফিজুল ইসলাম।



মুজিব শতবর্ষ MUJIB 100

# “মুজিব বর্ষের প্রতিশ্রুতি প্রতিযোগিতামূলক বাজার ব্যবস্থার উন্নতি”

## উপদেষ্টা পরিষদ

**প্রদীপ রঞ্জন চক্রবর্তী**
চেয়ারপার্সন
ও
সভাপতি
উপদেষ্টা পরিষদ

**ড. এ এফ এম মনজুর কাদির**
সদস্য

**নাসরিন বেগম**
সদস্য

**সালমা আখতার জাহান**
সদস্য

## সম্পাদনা পরিষদ

**জি. এম. সালেহ উদ্দিন**
সদস্য
ও
আহ্বায়ক
সম্পাদনা পরিষদ

**মোঃ মাহবুব আলম**
উপপরিচালক

**সারাওয়াত মেহজাবীন**
উপপরিচালক

**নাঈমুর রহমান**
সহকারী পরিচালক

**মোঃ আহাদুর রহমান**
ব্যক্তিগত সহকারী

---

Competition for growth
Bangladesh Competition Commission

**প্রকাশনায় :**
**বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন**
৩৭/৩/এ, রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা-১০০০
ফোন : +৮৮ ০২ ৫৮৩১৫৪৮৫, ফ্যাক্স : +৮৮ ০২ ৫৮৩১৫৫৮৭
ই-মেইল : secretary.ccb2012@gmail.com
প্রকাশকাল : ডিসেম্বর, ২০২২

প্রতিযোগিতায় প্রবৃদ্ধি